



রাজশাহী বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

বিজ্ঞপ্তি

পত্র নং-১৩৮/জস

তারিখ: ১৭.১১.২০১৯

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষায় পাশ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনে অবস্থিত উপ-উপাচার্য প্রফেসর ড. চৌধুরী মো. জাকারিয়া-এর দপ্তরে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

তারিখ	সময়	ইউনিট
২৪.১১.২০১৯	সকাল ১০.০০টা	A, B, C

বিঃদ্র:

- ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বর পত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড, ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র (পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত) ও ক্ষুদ্র নৃগোষ্ঠী যাচাই-এর জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠী হিসেবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/গোত্র প্রধান-এর প্রমাণপত্রসহ ছাত্র-ছাত্রীকে নির্বাচনী সাক্ষাৎকারে যথাসময়ে উপস্থিত হতে হবে।
- ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd-এ পাওয়া যাবে।
- সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত কোন ছাত্র-ছাত্রীর একাধিক ইউনিটে নাম থাকলে সাক্ষাৎকারে একবার অংশগ্রহণ করলে তাকে সবকটি ইউনিটে উপস্থিত দেখানো হবে।
- তালিকায় তথ্যগত কোনো ত্রুটি থাকলে তা সংশোধনযোগ্য।

(প্রফেসর ড. প্রভাষ কুমার কর্মকার)

প্রশাসক, জনসংযোগ দপ্তর

ও

সদস্য-সচিব

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী নির্বাচন কমিটি

রাজশাহী বিশ্ববিদ্যালয়